

The New York Public Library

লাইব্রেরির সাহায্যে বাড়ি থেকে শিখুন

যদিও নিউ ইয়র্ক সিটি-র স্কুল এবং লাইব্রেরিগুলি COVID-19 এর সংক্রমণ ছড়ানো নিয়ন্ত্রণের জন্য বন্ধ রাখা হয়েছে, বাচ্চা ছেলেমেয়ে এবং কিশোর-কিশোরীরা - এবং তাদের পরিবার - এখনও The New York Public Library-র বিপুল ও ব্যাপক সম্পদ ব্যবহার করে বাড়িতে শিক্ষাগ্রহণে সহায়তা পেতে পারে। ভার্চুয়াল টিউটরিং থেকে অনলাইন ডেটাবেস, আপনার প্রয়োজনীয় উপকরণগুলি পাবেন এখান থেকে: nypl.org/communitylearning

NYPL কর্তৃক অনলাইন-এ প্রদত্ত সম্পদের কতগুলি পরখ করে দেখুন, যার মধ্যে আছে:

হোমওয়ার্ক এর জন্য সাহায্য এবং ব্যক্তিগত অনলাইন টিউটরিং

হোমওয়ার্ক এবং প্রোজেক্ট এর কাজে NYPL এর সম্পদগুলি এবং অনলাইন টিউটরিং-এ আমাদের নতুন অংশীদার Brainfuse এর সাহায্য নিন।

ডেটাবেস এবং ই-সম্পদসমূহ

গবেষণার জন্য আমাদের ডেটাবেস এবং ই-সম্পদগুলির বিপুল সম্ভারে অনুসন্ধান করুন। আমাদের এই সাময়িক বন্ধ থাকার সময়ে আমাদের সম্প্রসারিত ডেটাবেস পরখ করে দেখতে ভুলবেন না।

পড়ার সুযোগ-সুবিধা

ভালো বইয়ের সুপারিশ চান? অথবা e-books (ই-বুক') এ প্রবেশাধিকার চান? চেষ্টা করে পড়া সংক্রান্ত পরামর্শ? আপনার বাড়িতে পড়ার প্রয়োজন মেটাতে যে কোনও বয়সের ছেলেমেয়েদের জন্য আমাদের সব সুযোগ-সুবিধা আছে।

বাড়িতে করার ক্রিয়াকলাপ

অল্পবয়সীদের মনের জন্য কল্পনাশক্তির চর্চা গুরুত্বপূর্ণ। আমাদের কাছ থেকে শিল্প ও কারুশিল্প, বিজ্ঞানের গবেষণা এবং আরও অনেক মজাদার ক্রিয়াকলাপের ধারণা পেতে পারেন যেগুলি বাড়িতে করা যায়।

আজই লাইব্রেরি কার্ড এর জন্য নাম লেখান আর লাইব্রেরির সাহায্যে শিখুন!

কার্ড এর জন্য নাম লেখাতে লাইব্রেরির বিনামূল্যে প্রাপ্ত e-reader app, SimplyE ব্যবহার করুন (উল্টোদিকে নির্দেশ দেওয়া আছে)।



New York
Public
Library

nypl.org

The New York Public Library

কীভাবে SimplyE ব্যবহার করে New York Public Library কার্ড এর জন্য নাম লেখাবেন

SimplyE হল The New York Public Library-র কর্তৃক বিনামূল্যে প্রদত্ত e-reader app। এই অ্যাপটি App Store (অ্যাপ স্টোর) এবং Google Play (গুগল প্লে)-তে পাওয়া যায়। নাম লেখানোর জন্য নিচের নির্দেশিকা দেখুন। অ্যাপটি পেতে দেখুন: nypl.org/SimplyE

ANDROID (অ্যান্ড্রয়েড) ব্যবহারকারীদের জন্য:

- একটি Android সরঞ্জামে SimplyE ডাউনলোড করুন। **আপনার সরঞ্জামটিতে অবস্থান নির্ধারণের পরিষেবা চালু থাকতে হবে।**
- অ্যাপটি খুলুন, উপরে বাঁদিকের কোণে তিনটি লাইন-এ টোকা মেরে “Settings (সেটিংস),” এবং তারপরে “Accounts (অ্যাকাউন্টস)”-এ যান।
- উপরের ডানদিকের কোণে যোগাযোগ টোকা মেরে “The New York Public Library” যোগ করুন। স্ক্রিন-এর তলার দিকে বলা হচ্ছে “Don’t have a library card? (লাইব্রেরি কার্ড নেই?) Sign Up? (নাম লেখান?)” “Sign Up (নাম লেখান)”-এ টোকা মারুন।
- নিশ্চিতভাবে জানান যে আপনার বয়স 13 অথবা তার বেশি এবং আপনার অবস্থান জানার জন্য প্রবেশাধিকার দিন। আপনি নিউ ইয়র্ক-এ আছেন কি না তা নির্ধারণের জন্য এটি প্রয়োজন।
- আপনার বাড়ির ঠিকানা, পুরো নাম এবং ই-মেল ঠিকানা লিখুন।
- একটি ইউজারনেম (username) এবং পিন (PIN) তৈরি করুন।

IPHONE ব্যবহারকারীদের জন্য:

- একটি iPhone সরঞ্জামে SimplyE ডাউনলোড করুন। **আপনার সরঞ্জামটিতে অবস্থান নির্ধারণের পরিষেবা চালু থাকতে হবে।**
- অ্যাপটি খুলুন, নিচে ডানদিকের কোণে “Settings (সেটিংস),”-এ টোকা মেরে “Accounts” (অ্যাকাউন্টস)-এ যান, তারপরে “Add Library (লাইব্রেরি যোগ করুন)” এবং “The New York Public Library”-র জন্য অনুসন্ধান করুন।
- স্ক্রিন-এর মাঝখানে বলা হচ্ছে “Don’t have a library card? (লাইব্রেরি কার্ড নেই?) Sign Up? (নাম লেখান?)” “Sign Up (নাম লেখান)”-এ টোকা মারুন।
- নিশ্চিতভাবে জানান যে আপনার বয়স 13 বছর অথবা তার বেশি, “End User License Agreement (চূড়ান্ত ব্যবহারকারীর লাইসেন্স চুক্তি)”-র শর্তগুলিতে রাজি হতে টোকা মারুন। আপনার অবস্থান জানার জন্য প্রবেশাধিকার দিন। আপনি নিউ ইয়র্ক-এ আছেন কি না তা নির্ধারণের জন্য এটি প্রয়োজন।
- আপনার বাড়ির ঠিকানা, পুরো নাম এবং ই-মেল ঠিকানা লিখুন।
- একটি ইউজারনেম (username) এবং পিন (PIN) তৈরি করুন।



New York
Public
Library

nypl.org